''শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা''

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর
ময়মনসিংহ।

ই-মেইলঃ dwa.mymensingh@gmail.com

স্মারক নং- ৩২.০১.৬১০০.০০০.০৬.০৯৮(অংশ-২).০৮-৮৩ তারিখ ঃ০৬/০২/২০২২খ্রিঃ।

# নোটিশ

আগামী ১৪/০২/২০২২ খ্রি. তারিখ ১১.০০ ঘটিকায় মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, ময়মনসিংহ মহোদয়ের কক্ষে তাঁর সভাপতিত্বে উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন (স্থায়ী) কমিটির সভা আহবান করা হয়েছে।

উক্ত সভায় সম্মানিত সদস্যদের উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হ'ল।

০৬/০২/২০২২
(নাছিমা খাতুন)
প্রোগ্রাম অফিসার
মহিলা বিষয়ক অধিদপ্তর
ময়মনসিংহ।

**সদয় কার্যার্থে ঃ**

৪) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, ময়মনসিংহ ।
৫) চেয়ারম্যান, কুষ্টিয়া/পরানগঞ্জ/খাগডহর ইউপি. সদর, ময়মনসিংহ।
৬) জনাব জান্নাতুল হক চায়না, রামকৃষ্ণ মিশন রোড, সদর, ময়মনসিংহ।

**সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে অনুলিপি ঃ**

৩) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, ময়মনসিংহ ।
৪) উপজেলা নির্বাহী অফিসার, সদর, ময়মনসিংহ।
৩) মহিলা ভাইস চেয়ারম্যান ও সভাপতি, মহিলা ও শিশু উন্নয়ন (স্থায়ী) কমিটি উপজেলা পরিষদ, সদর ময়মনসিংহ।

## উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন (স্থায়ী) কমিটির সভার কার্যবিবরণী ।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | আফরোজা আক্তার কলি<br>মহিলা ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, সদর, ময়মনসিংহ। |
| সভার স্থান | ঃ | মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ।<br>ময়মনসিংহ। |
| তারিখ | ঃ | ১৪ ফেব্রুয়ারি ২০২২ খ্রি.। |
| সময় | ঃ | ১১.০০ ঘটিকা। |

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা সংলগ্নী ক- তে উল্লেখ করা হলো ।

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। সভায় কমিটি গঠনের গুরুত্ব, প্রয়োজনীয়তা ও কাজের পরিধি উপস্থাপন করা হয়। নারী উন্নয়ন মূলক বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন, পরিকল্পনা গ্রহণ ও কার্যক্রম ফলোআপ করার নিমিত্ত সভার বিস্তারিত আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত নিম্নে ছক আকারে তুলে ধরা হ'ল।

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | মহিলা বিষয়ক অধিদপ্তরের ময়মনসিংহ উপপরিচালকের কার্যালয়ের প্রোগ্রাম অফিসার নারী উন্নয়ন ও নারীর ক্ষমতায়নের লক্ষ্যে মহিলা বিষয়ক অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের তথ্য পেশ করেন। দুঃস্থ মহিলা উন্নয়ন (ভালনারেবল গ্রুপ ডেভেলপমেন্ট-ভিজিডি) কর্মসূচির আওতায় চুক্তিবদ্ধ এনজিও কর্তৃক উপকারভোগীদের প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন ও পরিবীক্ষণ অব্যাহত রাখার বিষয় এবং ৩০ কেজির প্যাকেটজাত খাদ্যশস্য বিতরণের সভায় আলোচনা করা হয়। | চুক্তিবদ্ধ এনজিও কর্তৃক উপকারভোগীদের প্রশিক্ষণের কার্যক্রম বাস্তবায়ন ও পরিবীক্ষণ কার্যক্রম অব্যাহত থাকবে। ৩০ কেজির প্যাকেটজাত খাদ্যশস্য বিতরণ অব্যাহত থাকবে। | প্রোগ্রাম অফিসার, মবিঅ, ময়মনসিংহ।<br><br>ইউপি. চেয়ারম্যান<br><br>চুক্তিবদ্ধ এনজিও |
| ০২ | নারী উদ্যোক্তাদেরও মাঠ পর্যায়ে ভিজিডি কার্যক্রম পরিদর্শন করার বিষয় সভায় আলোচনা করা হয়। | ভিজিডি কর্মসূচির প্রশিক্ষণ ও খাদ্যশস্য বিতরণ কার্যক্রম পরিদর্শন করা হবে। আগামী সভায় নারী উদ্যোক্তাদের আমন্ত্রণ করে তাঁদের বক্তব্য শুনা। | কমিটি ও সংশ্লিষ্টগণ। |
| ০৩ | ময়মনসিংহ জেলাধীন সদর উপজেলাসহ সকল উপজেলায় মহিলা বিষয়ক অধিদপ্তরের কার্যক্রম পরিচালিত হচ্ছে। কিন্তু ময়মনসিংহ সদর উপজেলার উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার পদ ও অফিস সেটআপ না থাকায় জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের প্রোগ্রাম অফিসার সদর উপজেলার দায়িত্ব পালন করেছেন। তাঁকে দু'টি দায়িত্ব পালন করতে গিয়ে অনেক সমস্যার সম্মূখীন হতে হয়। কাজেই সদর মহিলা বিষয়ক অধিদপ্তরের অফিস সেটআপা/পদ সৃষ্টি ও কর্মকর্তার পদায়ন প্রয়োজন। এ বিষয়ে আলোচনা করা হয়। | ময়মনসিংহ সদর মহিলা বিষয়ক অধিদপ্তরের অফিস সেটআপা/ পদ সৃষ্টি ও কর্মকর্তার পদায়নের বিষয়টি মহিলা বিষয়ক অধিদপ্তরকে পত্র দেয়া অব্যাহত থাকবে। | প্রোগ্রাম অফিসার, মবিঅ, ময়মনসিংহ। |
| ০৪ | কমিটির সভা ও আনুষাঙ্গিক ব্যয় নির্বাহের জন্য বাজেট অনুমোদনের বিষয় সভায় আলোচনা করা হয়। | স্থায়ী কমিটির সভা ও অন্যান্য ব্যয়ের বাজেট অনুমোদন করা। | কমিটি ও সংশ্লিষ্টগণ। |

ক্রমশ/০২

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০৫ | ভিজিডি কর্মসূচির আওতায় খাদ্যশস্যের পরিবহণ ব্যয় বৃদ্ধির বিষয়ে আলোচনা করা হয়। | বিষয়টি মহিলা বিষয়ক অধিদপ্তরকে অবহিত করা। | প্রোগ্রাম অফিসার, মবিঅ। |
| ০৬ | মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় উপকারভোগীদের প্রশিক্ষণের বিষয় সভায় আলোচনা করা হয়। | চুক্তিবদ্ধ এনজিও কর্তৃক উপকারভোগীদের প্রশিক্ষণের কার্যক্রম বাস্তবায়ন ও পরিবীক্ষণ। | প্রোগ্রাম অফিসার, মবিঅ, ময়মনসিংহ। ইউপি. চেয়ারম্যান চুক্তিবদ্ধ এনজিও |
| ০৭ | নারী ও শিশু নির্যাতন প্রতিরোধের লক্ষ্যে বাল্যবিবাহ, যৌতুক, যৌন হয়রানি বন্ধের ব্যাপারে সভায় আলোচনা করা হয়। | এ ব্যাপারে উঠান বৈঠক ও বাল্যবিবাহ প্রতিরোধ কার্যক্রম অব্যাহত থাকবে। | সংশ্লিষ্ট সরকারি ও বেসরকারি দপ্তর/ সংস্থা |
| ০৮ | সদর উপজেলার ১১টি ইউনিয়নে মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক কিশোর-কিশোরী ক্লাব পরিচালিত হচ্ছে। উক্ত ক্লাব গুলোতে স্বাস্থ্য সেবা, নারী নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহ প্রতিরোধ সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। এবং ক্লাবের সদস্যরা তাদের পরিবার প্রতিবেশী, নিকট আত্মীয়ের বাল্যবিয়ের খবর টোল ফ্রি নাম্বারে ১০৯, ৯৯৯ এবং ৩৩৩ এ জানিয়ে বাল্য বিয়ের প্রতিরোধে অংশ নিচ্ছে। | কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম অবাহত থাকবে। | প্রোগ্রাম অফিসার, মবিঅ, ময়মনসিংহ। ইউপি. চেয়ারম্যান |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(আফরোজা আক্তার কলি)
মহিলা ভাইস চেয়ারম্যান,ও
সভাপতি
মহিলা ও শিশু উন্নয়ন (স্থায়ী) কমিটি
উপজেলা পরিষদ, সদর, ময়মনসিংহ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়ের
মহিলা বিষয়ক অধিদপ্তর
ময়মনসিংহ।
ই-মেইল-dwa.mymensingh@gmail.com

স্মারক নং- ৩২.০১.৬১০০.০০০.০৬.০৯৮(অংশ-২).১৮-১০৫ তারিখঃ ১৪/০২/২০২২ খ্রি.।

**সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি ঃ**

৭) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, ময়মনসিংহ।
৮) উপজেলা নির্বাহী অফিসার, সদর, ময়মনসিংহ।
৯) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, ময়মনসিংহ।
১০) চেয়ারম্যান, ....................... ইউনিয়ন পরিষদ, সদর, ময়মনসিংহ।
১১) জনাব, ............................................................
১২) অফিস কপি।

১৪/০২/২০২২

(নাছিমা খাতুন)
প্রোগ্রাম অফিসার
মহিলা বিষয়ক অধিদপ্তর
ময়মনসিংহ।

# উপজেলা কমিটির সদসদের হাজিরা বিবরণী

স্থানঃ উপজেলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষ

তারিখঃ ১৪/০২/২০২১খ্রিঃ সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা

## সদসদের হাজিরা বিবরণী

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর মোবাইল নম্বর |
|---|---|---|---|
| ১ | জনাব [illegible] হক, [illegible] চেয়ারম্যান, উপজেলা [illegible] | সদস্য | [signature] |
| ২ | সাইফুর রহমান | সদস্য সচিব | [signature] |
| ৩ | চেয়ারম্যান [illegible] ইউনিয়ন পরিষদ [illegible] | সদস্য | [signature] |
| ৪ | চেয়ারম্যান [illegible] ইউনিয়ন পরিষদ [illegible] | সদস্য | [signature] |
| ৫ | জনাব [illegible] হক [illegible] | কো-অপ্ট-সদস্য | [signature] |
| ৬ | | | |
| ৭ | | | |